



বনানী সিসার আড়ালে মাদক ব্যবসা, পুলিশের মাদকবিরোধী অভিযানে আটক ৩



সংগৃহীত ছবি

ঢাকার বনানীর সেলসিয়াস সিসা লাউঞ্জে দীর্ঘদিন ধরে গোপনে চলা মাদক ব্যবসার খবরে সোমবার রাতে অভিযান চালায় পুলিশ। এসময় তিনজনকে আটক করা হয় এবং সিসা ও বিভিন্ন সরঞ্জাম জব্দ করা হয়।

ঢাকার বনানীর সেলসিয়াস সিসা লাউঞ্জে গোপন মাদক ব্যবসার তথ্যের ভিত্তিতে সোমবার (১ সেপ্টেম্বর) রাতে বিশেষ অভিযান চালায় পুলিশ। অভিযানে তিনজনকে আটক করা হয়। আটকরা হলেন— মো. আবির, মাইনুল ইসলাম ও জয় কস্তা। বিষয়টি গণমাধ্যমকে নিশ্চিত করেছেন বনানী থানার ওসি রাসেল সারোয়ার।

অভিযানে সিসা লাউঞ্জ থেকে ৬০ গ্রাম বিভিন্ন ফ্লেভারের সিসা, মাটির কলকিসহ একাধিক কাচের স্ট্যান্ড এবং প্লাস্টিকের পাইপ উদ্ধার করা হয়। প্রাথমিক তদন্তে জানা গেছে, সিসার আড়ালে মাদক ব্যবসার মূল হোতা চিহ্নিত সন্ত্রাসী জুনাইদ হোসেন আবির। তার বিরুদ্ধে প্রতারণা ও নারীদের নিয়ে নানা অনৈতিক কর্মকাণ্ডের অভিযোগও রয়েছে।

পুলিশ জানিয়েছে, আটক তিনজনকে জিজ্ঞাসাবাদ শেষে পরবর্তী আইনি প্রক্রিয়া সম্পন্ন করা হবে। এ ঘটনায় ডিএমপি'র বনানী থানায় মামলা (নম্বর: ৪, তারিখ: ০২ সেপ্টেম্বর ২০২৫) দায়ের করা হয়েছে।